

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র ও বেপজা উইং
www.plancomm.gov.bd

নং- ২০.০৫.০০০০.৪৩২.০১৪.০২৬.২০১৮-১২৯

তারিখঃ ৩০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৩ মে ২০১৮ খ্রি:

বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ।

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য মির্জা শামীমা নাগিস এর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক প্রস্তাবিত “মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন”-শীর্ষক প্রকল্পের ওপর গত ০৭/০৫/২০১৮ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)-এর সভা অনুষ্ঠিত হয়।

০২। সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে ও অবগতির জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।



(মো: সালাহউদ্দিন আহাম্মদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১১৭৩৩১

sac2.jt.ie@plancomm.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ:- পরিচালক-১)।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), আব্দুল মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেভেল-১২), ১১১ বীর উত্তম সি. আর দত্ত রোড, ঢাকা-১২০৫।
- ৬। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১১। ফুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সময় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। ফুগ্ম-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। উপ-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র ও বেপজা উইং

বিষয়: বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত “মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন” শীর্ষক প্রকল্পের ওপর ০৭/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য মিজ শামীমা নাগিস এর সভাপতিত্বে ০৭/০৫/২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত “মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন” শীর্ষক প্রকল্পের ওপর পিইসি সভা পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত।

০২। উপস্থাপনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সংস্থার প্রতিনিধি কর্তৃক প্রকল্পের ওপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, ভারতীয় বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার জন্য চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে ভারতীয় বিনিয়োগকারীদের জন্য একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। এ লক্ষ্যে ভারতীয় ঋণ LoC-III এর আওতায় ১০০ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ অর্থায়নে বিবেচ্য “মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ৮২৮.৪৯ কোটি টাকা এবং বাস্তবায়ন মেয়াদ ০১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত। মোট ব্যয়ের মধ্যে ৭.৬৩ কোটি টাকা বাংলাদেশ সরকারের ঋণ এবং অবশিষ্ট ৮২০.৮৬ কোটি টাকা ভারতীয় ঋণ LoC-III এর আওতায় অর্থায়ন করা হবে। প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন (৯০ লক্ষ ঘন মিটার), সংযোগ সড়ক (১০ কি.মি), প্রশাসনিক ভবন (১৬৮০ বর্গমিটার), বাউন্ডারি ওয়াল (৫০০০ রানিং মিটার), সিকিউরিটি শেড (১টি) ও অন্যান্য অবকাঠামো নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হবে এবং অর্থনৈতিক অঞ্চলটি শুধু ভারতীয় বিনিয়োগকারীদের জন্য নির্ধারিত থাকবে। সভায় আরো উল্লেখ করা হয় যে, মিরসরাইয়ে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল স্থাপনের উদ্দেশ্যে ১০৫৪ একর ভূমি অধিগ্রহণ ও আংশিক ভূমি উন্নয়নের (৬০ লক্ষ ঘন মিটার) জন্য “মিরসরাইয়ে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল স্থাপনের নিমিত্ত ভূমি অধিগ্রহণ” শীর্ষক অপর একটি প্রকল্প জিওবি অর্থায়নে ১০৪১.১৬৬০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাব করা হয়েছে।

০৩। আলোচনা:

৩.১। আলোচনার প্রারম্ভে প্রধান (শিল্প ও শক্তি) প্রকল্পের নামকরণের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, প্রস্তাবিত প্রকল্পটির নামে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল উল্লেখ করা হলেও ভূমি অধিগ্রহণ সম্পর্কিত অপর প্রকল্পটিতে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল উল্লেখ করা হয়েছে। তিনি বিবেচ্য প্রকল্পের নাম থেকে “বিশেষ” শব্দটি বাদ দেয়ার পক্ষে মতামত ব্যক্ত করেন। উক্ত বিষয়ে আলোচনা শেষে প্রকল্পের নাম “মিরসরাইয়ে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল স্থাপন” নির্ধারণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.২। প্রধান (শিল্প ও শক্তি) আরো বলেন যে, প্রস্তাবিত প্রকল্প দু’টি পরস্পর পরিপূরক, বিধায় সুষ্ঠু ব্যবস্থাপনার সুবিধার্থে এ দু’টি প্রকল্পের পরিবর্তে একটি সমন্বিত প্রকল্প গ্রহণ করা সমীচীন হবে। উক্ত প্রেক্ষিতে বেজা’র নির্বাহী সদস্য বলেন যে, প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে ভূমি অধিগ্রহণ কাজটিকে অগ্রাধিকার বিবেচনায় সর্বাপ্রাে বাস্তবায়নের জন্য দু’টি পৃথক প্রকল্প প্রস্তাব করা হয়েছে।

৩.৩। সভাপতি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, প্রস্তাবিত ডিপিপি'র ৪৯ পৃষ্ঠায় সংযোজিত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর গভর্নিং বোর্ডের প্রথম সভার কার্যবিবরণীতে সরকার কর্তৃক অর্থনৈতিক অঞ্চলের কোন ভূমি উন্নয়ন না করে বিনিয়োগকারী নিজস্ব উদ্যোগে ভূমি উন্নয়ন করবে মর্মে নির্দেশনা রয়েছে। সেদিক থেকে আলোচ্য প্রকল্পের আওতায় ৯০.০০ লক্ষ ঘন মিটার ভূমি উন্নয়নের প্রস্তাব সাংঘর্ষিক। উক্ত প্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক এবং বেজা'র প্রতিনিধি জানান যে, প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চলটি ভারতীয় বিনিয়োগকারীদের জন্য নির্ধারিত। কিন্তু প্রয়োজনীয় স্থাপনা/অবকাঠামো উন্নয়নসাপেক্ষেই এটি বিনিয়োগকারীদের নিকট আকর্ষণীয় হবে। উক্ত প্রেক্ষাপটে প্রস্তাবিত প্রকল্পে ভূমি উন্নয়নসহ অবকাঠামো উন্নয়নের সংস্থান রাখা হয়েছে। সভাপতি আলোচনায় অংশ নিয়ে আরো বলেন যে, প্রকল্পের আওতায় পরামর্শক সেবা বাবদ ২৫ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। কিন্তু পরামর্শকের ToR প্রদান করা হয়নি। তিনি প্রকল্পের পরামর্শ সেবা যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করে পরামর্শকদের যোগ্যতা ও ToR ডিপিপিতে সংযোজন করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় Investment Promotion (IP) কর্মসূচি, প্রশিক্ষণ, শিক্ষা সফর এবং প্রশিক্ষণার্থী/অংশগ্রহণকারীর সংখ্যাসহ এতদসংক্রান্ত বিস্তারিত বিবরণ ডিপিপিতে সংযোজন করার বিষয়েও সভায় পরামর্শ প্রদান করা হয়।

৩.৪। সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রস্তাবিত ডিপিপিতে Financial Agreement / ইআরডি'র সম্মতিপত্র প্রদান করা হয়নি। সভায় ঋণচুক্তির আলোকে বৈদেশিক অর্থায়নের প্রকৃতি (DPA/RPA) ডিপিপিতে যথাযথভাবে উল্লেখ এবং Financial Agreement / ইআরডি'র সম্মতিপত্র ডিপিপিতে সংযোজনের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া প্রকল্প ঋণের সুদের হার অর্থ বিভাগের সাথে আলোচনা করে চূড়ান্ত করার পক্ষেও সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.৫। সংস্থার প্রতিনিধি জানান যে, ডিপিপিতে প্রকল্পের বিভিন্ন কম্পোনেন্টের ব্যয় প্রাক্কলনে কিছু ত্রুটি রয়েছে, বিধায় কতিপয় কম্পোনেন্টভিত্তিক ব্যয় প্রাক্কলন সংশোধন প্রয়োজন। সেগুলো হলো: ভূমি উন্নয়ন (৯০ লক্ষ ঘনমিটার) বাবদ ৩৫১০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ২৭৯৬৯.০০ লক্ষ টাকা, প্রশাসনিক ভবন নির্মাণ (১৬৮০ বর্গমিটার) বাবদ ২০০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৬৭৭.০০ লক্ষ টাকা, বাউন্ডারি ওয়াল নির্মাণ (৫০০০ রানিং মিটার) বাবদ ৮৫০.০০ লক্ষ টাকার পরিবর্তে ১৫৬৩.০০ লক্ষ টাকা, এক্সেস রোড নির্মাণ (১০কি.মি.) বাবদ ৪৫০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৭৯৫৩.০০ লক্ষ টাকা, পানি সরবরাহ ও ড্রেনেজ বাবদ ৮০০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৬৬৯৬.০০ লক্ষ টাকা, সিকিউরিটি শেড নির্মাণ (১টি) বাবদ ১০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৬০০.০০ লক্ষ টাকা প্রয়োজন। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় বেজা প্রস্তাবিত সংশোধিত ব্যয় প্রাক্কলন পুনর্গঠিত ডিপিপিতে প্রতিফলনের বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়।


৩.৬। প্রধান (শিল্প ও শক্তি) বলেন যে, CETP (Central Effluent Treatment Plant) প্রকল্পের আওতায় না করে PPP এর আওতায় করা সমীচীন হবে। উক্ত প্রেক্ষিতে বেজা'র প্রতিনিধি বলেন যে, প্রাথমিক পর্যায়ে মিরসরাইয়ে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার পর্যায়ে খুব স্বল্প সংখ্যক শিল্প স্থাপিত হবে, বিধায় CETP (Central Effluent Treatment Plant) টি PPP এর আওতায় বাস্তবায়ন করা যথাযথ হবেনা। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় CETP (Central Effluent Treatment Plant) টি PPP এর আওতায় বাস্তবায়নের বিষয়ে বেজা থেকে উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ ব্যক্ত করা হয়।

৩.৭। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন যে, প্রকল্পের আওতায় মোট ১৮ জন জনবল নিয়োগের প্রস্তাব করা হয়েছে। উক্ত বিষয়ে অর্থ বিভাগের জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সুপারিশ ডিপিপিতে সংযোজন করা প্রয়োজন। প্রস্তাবিত ডিপিপিতে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা সংযোজন এবং প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ করে ডিপিপিতে সন্নিবেশ করার বিষয়ে সভায় ঐকমত্য প্রকাশ করা হয়। তাছাড়া প্রকল্পের উদ্দেশ্য ও লগফ্রেম সঠিকভাবে প্রণয়ন এবং ডিপিপিতে বিদ্যমান ত্রুটি-বিচ্যুতি সংশোধন করা প্রয়োজন মর্মেও সভায় অভিমত ব্যক্ত করা হয়।

০৪। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালনসাপেক্ষে “মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন” শীর্ষক প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়:

- ৪.১। প্রকল্পের নাম “মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন” এর পরিবর্তে “মিরসরাইয়ে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল স্থাপন” নির্ধারণ করতে হবে;
- ৪.২। ঋণচুক্তির আলোকে বৈদেশিক অর্থায়নের প্রকৃতি (DPA/RPA) ডিপিপিতে যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Financial Aggrement / ইআরডি এর সম্মতিপত্র ডিপিপিতে সংযোজন করতে হবে;
- ৪.৩। প্রকল্প ঋণের সুদের হার অর্থবিভাগের সাথে আলোচনাক্রমে চূড়ান্ত করতে হবে;
- ৪.৪। প্রকল্পের পরামর্শ সেবা যৌক্তিক পর্যায়ে নির্দিষ্ট করে পরামর্শকের যোগ্যতা ও ToR ডিপিপিতে সংযোজন করতে হবে;
- ৪.৫। প্রকল্পের আওতায় Investment Promotion (IP) কর্মসূচি, প্রশিক্ষণ, শিক্ষা সফর এবং প্রশিক্ষণার্থী/অংশগ্রহণকারীর সংখ্যাসহ এতদসংক্রান্ত বিস্তারিত বিবরণ ডিপিপিতে সংযোজন করতে হবে;
- ৪.৬। PPP এর আওতায় CETP (Central Effluent Treatment Plant) স্থাপনের বিষয়ে বেজা থেকে উদ্যোগ গ্রহণ করতে হবে;
- ৪.৭। পিডব্লিউডিএর সর্বশেষ রেট শিডিউল অনুযায়ী প্রকল্পের পূর্ত কাজের ব্যয় প্রাক্কলন করতে হবে;
- ৪.৮। অর্থ বিভাগের জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সুপারিশ ডিপিপিতে সংযোজন এবং সে মোতাবেক ডিপিপিতে জনবল এবং জনবল বাবদ ব্যয় প্রাক্কলন নির্ধারণ করতে হবে;
- ৪.৯। প্রস্তাবিত ডিপিপিতে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা সংযুক্ত করতে হবে;
- ৪.১০। প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ করে ডিপিপিতে সন্নিবেশ করতে হবে;
- ৪.১১। প্রকল্পের লগফ্রেম ও উদ্দেশ্য সঠিকভাবে প্রণয়ন এবং ডিপিপি'র অন্যান্য ত্রুটি/বিচ্যুতি সংশোধন করতে হবে এবং
- ৪.১২। উপরে বর্ণিত আলোচনা ও সুপারিশের আলোকে পুনর্গঠিত ডিপিপি ২০ কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

০৫। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।


শামিমা নার্গিস

সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

বিষয়ঃ "মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা।

সভার তারিখ ও দিনঃ ০৭/০৫/২০১৮ খ্রিঃ; সোমবার।

সময়ঃ দুপুর ১২:৩০ ঘটিকা; সভার স্থানঃ পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-১০, কক্ষ-৩-৪, শেরে-বাংলা নগর, ঢাকা।

সভাপতিঃ মিঃ শামীমা নাগিস, সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।

ক্রমিক নং	নাম ও পদবি	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	ফোন নম্বর	স্বাক্ষর
১.	ড. এম. এমদাদুল হক নিবাহী সিনিয়র	বেঙ্গো উপায়ুক্তের কার্যালয়	০১৭১২-৩৬৩৫০০	
২.	স্বাঃ মোঃ আব্দুল শাহেদ	বেঙ্গো সিনিয়র সিনিয়র কর্মকর্তা	০১৮২৭৬৩২৬৩২	
৩.	ডেপুটি সিনিয়র সিনিয়র কর্মকর্তা	সিনিয়র সিনিয়র কার্যালয়	০১৭১১৪৬০৫/৪	
৪.	সিনিয়র সিনিয়র সিনিয়র কর্মকর্তা	বেঙ্গো	০১৭-৪৪৭৪২	
৫.	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	বেঙ্গো	০১৭১১-৬৬৭০৫৪	
৬.	সিনিয়র সিনিয়র সিনিয়র কর্মকর্তা	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	০১৭১১-২০২৪৭৭	
৭.	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সিনিয়র কার্যালয়	০১৭১২০০০৪৫৭	
৮.	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সিনিয়র কার্যালয়	০১৭১২- ৭০০০৫৭	
৯.	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সিনিয়র কার্যালয়	০১৭১৭ ৩৩ ১	
১০.	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সিনিয়র কার্যালয়	০১৪১৭ ২৩৪৩ ৭৭	
১১.	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সিনিয়র কার্যালয়	০১৭১৪৫১২৩৩০	
১২.	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সিনিয়র কার্যালয়	০১৪১৪৪৪৭ ২৫৭	
১৩.	স্বাঃ মোঃ হুমায়ুন কবীর	বেঙ্গো	০১৭৩৬৬৭৭০৫৭	